

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৩০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

আর্থ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ আধিন ১৪২৫ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২৭৮-আইন/২০১৮।—বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর
ধারা ১৪৬, ধারা ৭১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,
যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই বিধিমালা স্বল্প অংকের বীমাদাবির (পরিমাণ নির্ধারণ)
বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩নং আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ৩ এর উপ-
ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ; এবং
- (গ) “স্বল্প অংকের বীমাদাবি” অর্থ বিধি ৩ এ নির্ধারিত বীমাদাবি।

৩। স্বল্প অংকের বীমাদাবির পরিমাণ নির্ধারণ।—লাইফ ইন্সুরেন্স বা নন-লাইফ ইন্সুরেন্স পলিসির
ক্ষেত্রে স্বল্প অংকের বীমাদাবি হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) কোনো লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার নিম্নের
(নিশ্চিতকৃত লাভ বা বোনাস নহে এইরূপ লাভ ও বোনাস ব্যতিরেকে) মৃত্যুদাবি বা
মেয়াদপূর্ণ দাবি ; বা
- (খ) কোনো নন-লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত, বাংলাদেশে লেনদেন হওয়া কোনো
বীমা ব্যবসায় সম্পর্কিত, ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিম্নের সকল উপ-
শ্রেণির দাবি।

(১১৯৯৭)

মূল্য : টাকা ৪.০০

৪। স্বল্প অংকের বীমাদাবি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, ইত্যাদি।—বিধি ৩ দ্বারা নির্ধারিত স্বল্প অংকের বীমাদাবি সংক্রান্ত কোনো বিরোধ দেখা দিলে উহা আইনের ধারা ৭১ এর বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

৫। ফি।—(১) আইনের ধারা ৭১ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে দাবিদার কর্তৃক বিরোধীয় দাবির ০.৫০% ফি পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি কর্তৃপক্ষের তহবিলে জমা করিতে হইবে এবং উক্ত জমা রাশিদ বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, “কর্তৃপক্ষের তহবিল” অর্থে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১৬ তে উল্লিখিত তহবিলকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনিরুল ইসলাম

উপসচিব।